তারিখ ..09.FEB.2016...
পৃষ্ঠা ... ১০ কলাম.... ..2.....

সংবাদ

# মোরেলগঞ্জে ২ শতাধিক শিক্ষার্থীকে প্রশিক্ষণ

**প্রতিনিধি, মোরেলগঞ্জ (বাগেরহাট)**

বাগেরহাটের মোরেলগঞ্জে দুই শতাধিক শিশু শিক্ষার্থীকে শিশুশ্রমসহ, বাল্যবিয়ে,, ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। ওয়ার্ল্ড ভিশন মোরেলগঞ্জ এডিপির স্বাস্থ্য প্রজেক্ট খাউলিয়ার এসপি রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়ে গত রোববার এ প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণে বিদ্যালয়ের ২৩০ জন ছাত্রছাত্রী অংশ গ্রহণ করেন। সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক মো. রেজাউল করিম। বিষয়ভিত্তিক আলোচনা করেন ওয়ার্ল্ড ভিশনের প্রজেক্ট অফিসার ফুলি সরকার। প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীরা তাদের এলাকায় বাল্যবিয়ে, শিশুশ্রম ও শিশু নির্যাতন প্রতিরোধে ভূমিকা রাখার অঙ্গীকার করেন।